# কোটেশন প্রদানের পুন: অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল(জাতীয়)

**For Procurement ofGoods"**

(Request for Quotation Method)

" মেহেরপুর পবিস এর "Digital Time Attendance System with Installation" ক্রয়ের পুন: দরপত্র **(RFQ)"**

| |
|---|
| **দরপত্র নং-৪৯/২০২৪-২০২৫** |

ISO 9001:2015 CERTIFIED

**মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি**

**মেহেরপুর-৭১০০।**

---

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মেহেরপুর-৭১০০।

মোবাইল নং- ০১৭৬৯-৪০০৫৮০

------------------------------------

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

ফোন নং-০২৪৭৭৭-৯২৬৪৭, ৯২৩৮২,ই-মেইল: gmmpbs@gmail.com, Web:http//:pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৫. ৪৪৮৯

তারিখ: ২৬ জুন' ২০২৫ খ্রিষ্টাব্দ
১২ আষাঢ়' ১৪৩২ বঙ্গাব্দ

"Digital Time Attendance System with Installation" ক্রয়ের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র পুন: (RFQ) দরপত্র"

প্রতি,

--------------------------------------

--------------------------------------

১. জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর জন্য "Digital Time Attendance System with Installation" সরবরাহের জন্য সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ বাংলাদেশর প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে পুন: (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট **(https://pbs.meherpur.gov.bd)** হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে **জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।**

৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৫. সিলমোহরকৃত খাম **আগামী ০৭-০৭-২০২৫ খ্রিঃ এবং সময় বেলা ১১:০০** ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদেবর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে"Digital Time Attendance System with Installation" **সরবরাহের জন্য কোটেশন এবং আগামী ০৭-০৭-২০২৫খ্রিঃ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না"** লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৬. Licence for Digital Time Attendance Software: 10 Devices.

৭. Tenderer Must Submit Manufecturer Authorization Letter for Digital Time Attendance Device, Digital Time Attendance Software and UTP Cat 6 Cable.

৮. প্রাপ্ত দরপত্র সমূহ **০৭-০৭-২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার** সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট **(https://pbs.meherpur.gov.bd)** এ দেখা যাবে।

৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১০. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৩ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১১. গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে মালামাল গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে "Digital Time Attendance System with Installation" সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে।কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণ স্বরুপ **হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে।চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭. মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৮/৮/২৫
(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য), সদয় অবগতির জন্য।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৩। পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার................পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, কুষ্টিয়া।
০৭। নির্বাহী প্রকৌশলী (এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ)), মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৮। ডিজিএম (কারিগরী-সদর/আলমডাঙ্গা/চুয়াডাঙ্গা/গাংনী/জীবননগর) জোনাল অফিস, মেপবিস।
০৯। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), মেপবিস।
১০। এজিএম (ওএন্ডএম),বামন্দী/মুজিবনগর/দর্শনা/কার্পাসডাঙ্গা/হাটবোয়ালিয়া সাব জোনাল অফিস, মেপবিস।
১১। এজিএম (আইটি), মেপবিস, (পবিস ও ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১২। ওয়েবসাইট/নোটিশ বোর্ড, সদর দপ্তর, মেপবিস।
১৩। অফিস/মাষ্টার কপি

২৮/৮/২৫
(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: স্মারক নং: ২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৫.৪৪৮৯

তারিখঃ ২৬-০৬-২০২৫ খ্রিঃ।
(দরপত্র নং-৪৯/২০২৪-২০২৫)

প্রতি,
জেনারেল ম্যানেজার
মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী,পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে"Digital Time Attendance System with Installation"প্রস্তাব করছি।
আমার /আমাদের কোটেশনেরমোট মূল্য---------------------------- কথায়------------------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে,আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার /আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবাতন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৬-০৬-২০২৫ খ্রিঃ আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (RFQ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ:

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিলঃ

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৫.৪৪৮৯ (দরপত্র নং-৪৯/২০২৪-২০২৫), তারিখঃ ২৬-০৬-২০২৫ খ্রিঃ।

| ক্র. নম্বর | আইটেমেরবিবরণ | পরিমাপেরএকক | পরিমাণ | এককদর/মূল্য | | মোটমূল্য | পণ্যসরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে/ কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| 1 | Digital Attendance Device | Nos | 3 | | | | মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর-৭১০০। |
| 2 | Digital Attendance System Software | Nos | 1 | | | | |
| 3 | Power Adapter | Nos | 3 | | | | |
| 4 | UTP Cat6 Cable | Box | 1 | | | | |
| 5 | Accessories (Connector, PVC Pipe, Channel, Power Cable, Socket etc) | Lot | 1 | | | | |
| 6 | Installation and Configuration | Job | 1 | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | অংকে | | |
| | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা : | |
| মোট মূল্য:(টাকায়) . . . (কথায়). . | |
| প্রস্তাবিত সরবরাহ : | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ হইতে] |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) : | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ হইতে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হইলে তারিখ বা দিন উল্লেখ করিবার প্রয়োজন নাই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফসিলের -----------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমি/আমাদের প্রস্তাব --------/------/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪ ও ৮ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৫, ৬, ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

Approved Specification will be attached here.

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

**SL NO: 1**

**Item Description: Specification of Digital Attendance Device**

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country of Origin | To be mentioned by the bidder | |
| 4 | Country of Manufacturer | To be mentioned by the bidder | |
| 5 | Fingerprint Capacity | Minimum 3,000 templates | |
| 6 | Card Capacity | Minimum 5,000 ID/IC/HID Prox cards (optional) | |
| 7 | Transaction Log | Minimum 100,000 records | |
| 8 | Sensor Technology | Same Brand Optical Sensor with infrared detection | |
| 9 | Display | 2.4″ TFT LCD color screen | |
| 10 | Keypad | 4×4 touch keypad | |
| 11 | Communication Protocols | TCP/IP, RS-232/485, USB-host Wiegand In/Out | |
| 12 | Wiegand Signal | Input, Output,SRB | |
| 13 | Access Hardware Interface | 3rd Party Electric Lock, Door Sensor, Exit Button, Alarm, Doorbell | |
| 14 | Functions | Anti-passback, DST, record query | |
| 15 | Optional Functions | ID/Mifare/HID Prox card reader, RS485 fingerprint reader, HTTPS support | |
| 16 | Power Requirements | 12 V DC, 3 A | |
| 17 | Operating Conditions | Temperature: 0–45°C; Humidity: 20–80% | |
| 18 | Dimensions | 80 × 183 × 42 mm | |
| 19 | CPU Platform | Board at 1.2 GHz (enhanced firmware platform) (Board to be mentioned by bidder) | |
| 20 | Compatibility | Standalone operation or integrated with same brand software | |
| 21 | Warranty | One Year Standard Warranty | |

**SL NO: 2**

**Item Description: Specification of Digital Attendance System Software**

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country Of Origin | To be mentioned by the bidder | |
| 4 | System Architecture | Web-based, designed for private cloud deployment | |
| 5 | Supported Devices | Standalone "Green Label" PUSH-protocol terminals via Ethernet/Wi-Fi/ GPRS/3G/4G | |
| 6 | Authentication Methods | Fingerprint, Face Recognition, Palm Recognition, RFID Card, PIN | |
| 7 | Database Compatibility | Default: PostgreSQL | |
| | | Supported: Microsoft SQL Server (2005–2022), MySQL 5.x/7+, Oracle 10g/11g/12c/19c | |
| | Platform & Server Requirements | | |
| 8 | OS | Windows Server (64-bit only): 2008/ 2012/ 2016/2019; Windows 8–11 | |
| 9 | CPU | Dual-core ≥ 2.4 GHz or Higher | |
| 10 | RAM | Minimum 4 GB (recommended 8 GB or higher) | |
| 11 | Storage | ≥ 100 GB free space, preferably on an NTFS partition | |
| 12 | Monitor Resolution | ≥ 1024×768 resolution | |
| 13 | Browser Compatibility | Chrome 33+, Internet Explorer 11+, Firefox 27+ | |

SL NO: 3

Item Description: Specification of Power Adapter

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Input Voltage | 100V-240V AC | |
| 2 | Output Voltage | DC 12V | |
| 3 | Output Current | 3A | |
| 4 | Connector Type | 2-pin DC power connector (barrel type) | |
| 5 | Recommended Adapter | 12V DC, 3A regulated switching power supply | |

SL NO: 4

Item Description: Specification of UTP Cat6 Cable

| SL No | Name of Item | Technical Specifications and Standards | | Bidder's Response |
|---|---|---|---|---|
| 1 | Brand | To Be Mentioned By Tenderer | | |
| 2 | Model | To Be Mentioned By Tenderer | | |
| 3 | Country of Origin | USA/UK/EU or Equivalent | | |
| 4 | Category | Cat.6 | | |
| 5 | Reference standard | ISO/IEC11801, ANSI/TIA/EIA-568-C.2-D, IEC61156-5 EN50399, RoHS Compliant. | | |
| 6 | Conductor | Material | Solid-Bare Copper | |
| | | Structure AWG | 23 AWG | |
| 7 | Insulation | Material | HDPE | |
| | | Nominal OD | 1.0 ± 0.10 mm | |
| 8 | Twist | Direction | S | |
| 9 | Fillers | Material | PE | |
| 10 | Jacket | Thickness | 0.60 ± 0.10 mm | |
| | | Diameter | 6.30 ± 0.30 mm | |
| | | Material | PVC | |
| | | Color | Orange/Blue/Gray | |
| 11 | Jacket physical properties | Before aging | Tensile strength ≥ 13.5 Mpa<br>Elongation ≥ 150% | |
| | | After aging | Tensile strength ≥ 12.5 Mpa<br>Elongation ≥ 125% | |
| 12 | Cable length | 305m/Box | | |

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | |
| কোটেশন দাতার নাম | তারিখ: |

**টীকাঃ**

১. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারী প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগীতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগীতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অর্ন্তভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবিশিত হবে।

২. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

স্মারক নং- ২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৫--------------, তারিখঃ----------------

"Digital Time Attendance System with Installation" **সরবরাহের কার্যাদেশ।**

| | |
|---|---|
| কোটেশন নম্বর ৪৯/২০২৪-২০২৫ | তারিখ: |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা]<br>------------------------------- | |
| সরবাহের তারিখ:------------------------------------ | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা----------------------------- |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী ২৬/০৬/২০২৫ খ্রিঃ কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহ কারিগরী বিনিদের্শ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| **ক্রয়াদেশকৃত পণ্যসমূহ** |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফসিলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ০৭ (সাত)দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কালীন নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফসিলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং,তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে-------------------------কথায়--------------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফসিলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| (স্বদেশ কুমার ঘোষ)<br>জেনারেল ম্যানেজার<br>মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |